



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

২০১৫-২০১৬ ইং শিক্ষাবর্ষে সিএসই বিভাগে এমএসসি (ইঞ্জি:)/এম.(ইঞ্জি:) প্রোগ্রাম-এ

ভর্তি বিজ্ঞপ্তি

২০১৫-২০১৬ ইং শিক্ষাবর্ষে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে M.Sc. Engg./M.Engg. (CSE) প্রোগ্রামে বিভাগ কর্তৃক নির্ধারিত আসনে ভর্তির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি (ইঞ্জিঃ) ডিগ্রীধারী ছাত্র-ছাত্রীদের নিকট থেকে আবেদন পত্র আহবান করা যাচ্ছে। সংশ্লিষ্ট বিভাগীয় অফিস থেকে অথবা অনলাইনের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়া যাবে।

ভর্তির আবেদনের যোগ্যতাঃ

- ক) M.Sc. Engg.-এ আবেদনের ক্ষেত্রে সরকার অনুমোদিত যেকোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ বছর মেয়াদী B.Sc. Engg. ডিগ্রীধারী হতে হবে। বি.এসসি (ইঞ্জিঃ) কোর্সে ন্যূনতম সিজিপিএ ৩.৫০/প্রথম শ্রেণী থাকতে হবে। তবে মাভাবিপ্রবি এর B.Sc. Engg. ডিগ্রীধারীদের ক্ষেত্রে সিজিপিএ-৩.২৫ হতে হবে।
- খ) M.Engg. প্রোগ্রামে শুধুমাত্র অত্র বিভাগ হতে উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রী আবেদন করতে পারবে।
- গ) চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ভর্তি পরীক্ষা/সাক্ষাতকার গ্রহণের সময় নিম্নলিখিত কাগজপত্র সঙ্গে আনতে হবেঃ

- ক) শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সকল পরীক্ষার মার্কশীট/ট্রান্সক্রীপ্ট এবং সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।
- খ) নাগরিকত্ব সনদ পত্র/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- গ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রগ্নিন ছবি।
- ঘ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি।

ভর্তি সংক্রান্ত তথ্য সমূহঃ

আবেদন পত্র বিতরণ ও জমা (বিভাগীয় অফিসে) (সকাল ১০:০০ থেকে বিকেল ০৪:০০)	২১/১০/২০১৭ হতে ০৬/১১/২০১৭ তারিখ পর্যন্ত
ভর্তি পরীক্ষা/সাক্ষাতকার গ্রহণ (সকালঃ ১০:০০ হতে দুপুরঃ ১২:০০ পর্যন্ত)	০৮/১১/২০১৭
ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	১৩/১১/২০১৭
ভর্তির তারিখ	১৯/১১/২০১৭ হতে ২২/১১/২০১৭ তারিখ পর্যন্ত
ক্লাশ শুরু	০১/১২/২০১৭

ওয়েব সাইট থেকে ফর্ম সংগ্রহ ও জমা দানের নির্দেশনাঃ

- ০১। অনলাইন এ ফর্ম সংগ্রহের জন্য www.cse.mbstu.ac.bd/mscadmission লিংক এ যেতে হবে।
- ০২। Online Application লিংক এ প্রবেশ করে দৃশ্যমান ফর্মটি পূরণ করতে হবে। ফর্ম পূরণের পূর্বে নির্ধারিত bKash (01712038895, 01919038895 ও 01710548645) নাম্বার এ আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা পাঠিয়ে ট্রানজেকশন নাম্বারটি সংরক্ষণ করতে হবে এবং ফর্ম এর নির্ধারিত ঘরে প্রদান করতে হবে।
- ০৩। সঠিক ভাবে সকল তথ্য প্রদান করার পর Submit বাটনটিতে প্রেস করতে হবে।
- ০৪। পরবর্তী পেজ এ সকল তথ্য সঠিক পাওয়া গেলে Print Admit বাটনটি প্রেস করে Admit Card ডাউনলোড করা যাবে। অন্যথায় Edit বাটনে প্রেস করে তথ্য সংশোধন করা যাবে।
- ০৫। bKash ট্রানজেকশন ID সঠিক পাওয়া না গেলে অথবা সরবরাহকৃত তথ্য ভুল প্রমাণিত হলে আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।

রেজিস্ট্রার
মাভাবিপ্রবি।